তারিখ ... 18 AUG 2016 ...
পৃষ্ঠা ১২ ... কলাম ... ৪ ...

দৈনিক
আমাদের সময়

জঙ্গি সম্পৃক্ততা ঠেকাতে বিশ্ববিদ্যালয়ে নজরদারি বাড়ানোর সুপারিশ

নিজস্ব প্রতিবেদক ●

শিক্ষার্থী ও শিক্ষকদের জঙ্গি সম্পৃক্ততা ঠেকাতে দেশের সব বিশ্ববিদ্যালয়ে নজরদারি বাড়ানোর সুপারিশ করেছে সরকারি প্রতিষ্ঠান সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। গতকাল বুধবার জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত কমিটির বৈঠকে এ সুপারিশ করা হয়।

বৈঠক শেষে কমিটির সভাপতি শওকত আলী সাংবাদিকদের বলেন, সাম্প্রতিক সময়ে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষকের বিরুদ্ধে জঙ্গি সম্পৃক্ততার অভিযোগ আসার পর এ সুপারিশ করা হয়। তিনি বলেন, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)' তাদের পদক্ষেপের কথা জানিয়েছে। কমিটি বলেছে, মনিটরিং আরও জোরদার করতে শুরু থেকে যদি মনিটরিং জোরদার হতো তবে এ পরিস্থিতির সৃষ্টি হতো না। হবে। বৈঠকে ইউজিসির এরপর পৃষ্ঠা ৭, কলাম ৪

জঙ্গি সম্পৃক্ততা ঠেকাতে বিশ্ববিদ্যালয়ে

(শেষ পৃষ্ঠার পর) দেওয়া এক প্রতিবেদনে উল্লেখ করা হয়, তারা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে জঙ্গিবাদ/সন্ত্রাসবিরোধী কার্যক্রম রোধে শিক্ষক-কর্মকর্তা নিয়োগ ও শিক্ষার্থী ভর্তির পূর্ণাঙ্গ তথ্য যাচাই, মনিটরিং সেল গঠন, জঙ্গিবাদ নির্মূল সভা, মানববন্ধন, র‍্যালি, অনুপস্থিত শিক্ষার্থীদের শনাক্তকরণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং বিশ্ববিদ্যালয়গুলোতে মনিটরিং কমিটি গঠন করেছে।

এদিকে বৈঠকে রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান এসেনশিয়াল ড্রাগস কোম্পানি লিমিটেডের ২০১০-১১ অর্থবছর থেকে ২০১৪-১৫ অর্থবছর পর্যন্ত ১৭১টি অডিট আপত্তি নিয়ে আলোচনা হয়। কার্যপত্র থেকে জানা যায়, এই আপত্তির সঙ্গে জড়িত অর্থের পরিমাণ ৩২২ কোটি ১৬ লাখ টাকা। এসব আপত্তির মধ্যে আর্থিক বিধি অনুসরণ করা হয়নি ১৩টি অডিটের ক্ষেত্রে। বাকি ১৫৮টি অডিট আপত্তি 'অন্যান্য' কারণে হয়েছে বলে কার্যপত্রে উল্লেখ করা হয়। শওকত আলীর সভাপতিত্বে বৈঠকে কমিটির সদস্য নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন, মুহিবুর রহমান মানিক, মোহাম্মদ সুবিদ আলী ভূঁইয়া, আবদুর রউফ এবং অ্যাডভোকেট নাভানা আক্তার অংশ নেন।